



কর্মসংস্থান ব্যাংক

(রাষ্ট্র মালিকানাধীন একটি আর্থিক প্রতিষ্ঠান)

ঋণ ও অগ্রিম বিভাগ

E-mail : lad@kb.gov.bd

সি. হোসেন

বেকার যুবদের বিশ্বস্ত বন্ধু।
২৪/৩/২০২০

সূত্র নম্বর : ৫৩.১৭.০০০০.০৯০.৩৬.০০৬.২০. ২০০৬

তারিখ : ২৩ মার্চ ২০২০

আঞ্চলিক ব্যবস্থাপক (সকল)
শাখা ব্যবস্থাপক (সকল)
কর্মসংস্থান ব্যাংক।

বিষয় : কর্মসংস্থান ব্যাংকের সাথে সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (SDF) ও যুব উন্নয়ন অধিদপ্তরের মধ্যে সমঝোতা স্মারক অবহিতকরণ।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে আপনাদের দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জন্মশতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষে “বঙ্গবন্ধু যুব ঋণ কর্মসূচী-২০২০”-এর আওতায় ২.০০ (দুই) লক্ষ প্রশিক্ষিত বেকার যুবক ও যুব মহিলাকে জাতীয় অর্থনৈতিক উন্নয়নে সম্পৃক্ত করার কর্মপরিকল্পনা গ্রহণ করা হয়েছে। পরিকল্পনা অনুযায়ী ২০২০ সালে বিতরণ লক্ষ্যমাত্রা ১,০০,০০০ জন।

০৩। উল্লেখ্য, বর্ণিত পরিকল্পনা যথাযথ বাস্তবায়নের নিমিত্তে কর্মসংস্থান ব্যাংকের সাথে যথাক্রমে ০৮ ডিসেম্বর ২০১৯ তারিখ সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (SDF) এবং ১৬ মার্চ ২০২০ তারিখ যুব উন্নয়ন অধিদপ্তরের সাথে সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয় (পরিশিষ্ট-‘ক’ ও ‘খ’)।

০৪। সমঝোতা স্মারক অনুযায়ী যুব উন্নয়ন অধিদপ্তর হতে প্রশিক্ষণ প্রাপ্তদের ঋণ বিতরণকালীন উক্ত প্রতিষ্ঠান হতে “ইতিপূর্বে ঋণ গ্রহণ করেন নাই” মর্মে প্রত্যয়নপত্র গ্রহণ করতে হবে।

অনুমোদনক্রমে-

আপনাদের বিশ্বস্ত

সি. হোসেন
২৩/৩/২০২০

(মেহের সুলতানা)

মহাব্যবস্থাপক

(পরিচালন ও হিসাব)

☎: ০২-৯৫৭৭০০৮৯

সংযুক্তি : বর্ণনামতে।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি (ওয়েবসাইট হতে সংগ্রহের অনুরোধসহ) :

- ০১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
- ০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
- ০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (প্রশাসন ও নিরীক্ষা) মহোদয়ের দপ্তর, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
- ০৪। সকল উপমহাব্যবস্থাপক/সহকারী মহাব্যবস্থাপক (বিভাগীয় প্রধানের দায়িত্বে), কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। আইটি বিভাগের উপমহাব্যবস্থাপককে পত্রটি ব্যাংকের ওয়েবসাইটে প্রদর্শন করার জন্য অনুরোধ করা হলো ;
- ০৫। উপমহাব্যবস্থাপক/সহকারী মহাব্যবস্থাপক (বিভাগীয় কার্যালয়ের দায়িত্বে), সকল বিভাগীয় কার্যালয়, কর্মসংস্থান ব্যাংক;
- ০৬। বোর্ড সচিব, পর্যদ সচিবালয় ও জনসংযোগ বিভাগ, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা ;
- ০৭। সহকারী মহাব্যবস্থাপক, সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, কর্মসংস্থান ব্যাংক ;
- ০৮। অফিস নথি।